লাতভিয়া

EUROPEAN UNION AGENCY FOR ASYLUM

# আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার সময় তোমার যা জানা দরকার

## সঙ্গীহীন শিশুদের জন্য তথ্য




নমস্কার, আমরা বিভিন্ন দেশ থেকে আগত শিশু। আমরা সুরক্ষা পাওয়ার জন্য লাতভিয়াতে পৌঁছানোর আগে অনেক পথ ভ্রমণ করেছি। আমরা আমাদের বাবা-মা ছাড়াই একাই এসেছি।
নমস্কার। আমার নাম লিসা। আশ্রয়ের জন্য আবেদন (যাকে আন্তর্জাতিক সুরক্ষাও বলা হয়) সম্পর্কে তোমাদের কী জানা দরকার তা আমি তোমাদের ব্যাখ্যা করতে চলেছি।

# আন্তর্জাতিক সুরক্ষা কী?







যদি কোনও ব্যক্তি কোনো বিপদের কারণে নিজের দেশে ফিরে যেতে না পারে, তবে তারা আন্তর্জাতিক সুরক্ষা পেতে পারে এবং সেই দেশে নিরাপদে থাকতে পারে যেটি তাদের এই সুরক্ষা দিয়েছে।

তোমার অভিভাবক আরো ব্যাখ্যা করবেন যে কে আন্তর্জাতিক সুরক্ষা পেতে পারে এবং এটি পাওয়ার পদ্ধতিটি কী।

ইউরোপে আন্তর্জাতিক সুরক্ষাকে আশ্রয়, শরণার্থী মর্যাদা বা সহায়ক সুরক্ষা, এই নামেও ডাকা হয়। হয়তো তুমি ইতিমধ্যেই আশ্রয় শব্দটি শুনেছ। আন্তর্জাতিক সুরক্ষা সমন্ধে কথা বলার সময় আমি আশ্রয় শব্দটি ব্যবহার করব কারণ এটি তোমাদের পক্ষে মনে রাখা সহজ।

## মনে রাখবে, তুমি এখন নিরাপদ।


তারা যেখান থেকেই আসুক, তাদের ধর্ম বা তাদের ত্বকের রঙ নির্বিশেষে ইউরোপে প্রত্যেকের সাথে সমান আচরণ করা হয়।





ইউরোপে, 18 বছরের কম বয়সী প্রত্যেককে শিশু হিসাবে বিবেচনা করা হয়।

শিশু হিসেবে তোমার বিশেষ অধিকার আছে। তোমার নিরাপত্তা এবং সুস্থতা খুবই গুরুত্বপূর্ণ।



তুমি বিভিন্ন অফিসিয়ালদের সাথে দেখা করবে, যেমন আশ্রয় কর্তৃপক্ষের কর্মীরা, যেমনটি এখানে দেখানো হয়েছে। তারা তোমাকে তোমার নিজের এবং তোমার ইউরোপ যাত্রা সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করবেন।

মনে রাখবে, এই অফিসিয়ালরা তোমাকে সুরক্ষিত করার জন্য এবং তোমার জন্য যা সবচেয়ে ভালো তা নির্ধারণ করার জন্য এখানে উপস্থিত আছেন।

তোমার যা মনে হচ্ছে, তোমার যা প্রয়োজন এবং তুমি যা অনুভব করছ তা তুমি সবসময় এই অফিসিয়ালদের জানাতে পারো।



# একজন অভিভাবক কে?





যেহেতু তুমি নিজের বাবা-মাকে ছাড়াই এখানে এসেছ, তাই কর্তৃপক্ষ তোমার জন্য একজন প্রাপ্তবয়স্ক অভিভাবক নিয়োগ করবেন যিনি তোমাকে সাহায্য করবেন।

অভিভাবক হলেন এমন একজন ব্যক্তি যিনি নিজেদের বাবা-মা বা তাদের জন্য দায়ী অন্য কোনো প্রাপ্তবয়স্ক ছাড়াই ইউরোপে আগত শিশুদের সাহায্য করেন।

অভিভাবক একজন পুরুষ বা একজন মহিলা হতে পারেন । অভিভাবকদের প্রতিনিধিও বলা যেতে পারে ।

যদি তুমি এখনো তোমার অভিভাবকের সঙ্গে দেখা না করে থাকো, তবে খুব দ্রুতই তাদের সঙ্গে তোমার দেখা হবে।

কখনো, কর্তৃপক্ষ তোমাকে সাহায্য করার জন্য প্রথমে একজন অস্থায়ী অভিভাবক নিয়োগ করতে পারেন যতক্ষণ না তুমি একজন স্থায়ী অভিভাবক পাও।





তোমার থাকার বিষয়ে যা জানা দরকার তা ব্যাখ্যা করার জন্য এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য অভিভাবক তোমাকে উপদেশ দেন। উদাহরণস্বরূপ, একজন অভিভাবক তোমার আশ্রয়ের আবেদন করতে তোমাকে সাহায্য করবেন, বিভিন্ন পদ্ধতি বুঝিয়ে দেবেন, তোমার অধিকার এবং বাধ্যবাধকতাগুলি ব্যাখ্যা করবেন এবং কর্তৃপক্ষের সাথে বৈঠকে তোমার সাথে যোগ দেবেন।

তুমি সবসময় অভিভাবককে নিজের মতামত জানাতে পারো, তাদের যেকোনো প্রশ্ন জিজ্ঞাসা করতে পারো এবং তোমার যদি কিছু প্রয়োজন হয় তাহলে তাদের সেটি জানাতে পারো। তারা তোমাকে সব সাহায্য করার জন্য প্রস্তুত।



যদি তোমার অভিভাবকের সাথে কোনো সমস্যা হয়,, তাহলে স্টেট বর্ডার গার্ড অথবা সিটিজেনশিপ অ্যান্ড মাইগ্রেশন অ্যাফেয়ার্স অফিসের কর্মকর্তাদেরসেটি জানাও। এটি তোমার আশ্রয় আবেদনের উপর কোনো নেতিবাচক প্রভাব ফেলবে না।





# এই প্রক্রিয়া চলাকালীন কী ধরনের সহায়তা দেওয়া হবে?



থাকার জন্য একটি নিরাপদ জায়গা



কাপড়



অন্যান্য জিনিস যা তোমার লাগতে পারে



খাবার



তুমি চিকিৎসকের কাছে যেতে পারো



তুমি বিদ্যালয়ে যাবে



তুমি এমন একটি জায়গায় থাকবে যা তোমার পক্ষে উপযুক্ত এবং তোমার বয়সের উপর নির্ভর করে প্রয়োজনীয় যাবতীয় সহায়তা পাবে

# আমি আশ্রয় চেয়েছি, এবার কী হ






**তোমার আবেদন আবার নিবন্ধিত এবং দায়ের করা আবশ্যক**

আশ্রয়ের জন্য আবেদন করার দিনই তোমার আবেদনটি নিবন্ধিত ও জমা দেওয়া হবে।

তোমার অভিভাবক তোমাকে এ বিষয়ে জানাবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তোমার সাথে যাবেন।

পদ্ধতি চলাকালীন তোমার অভিভাবক তোমার সাথে থাকবেন।



# নিবন্ধন এবং বসবাসের সময় নিম্নলিখিত বিষয়গুলি ঘটবে...





তোমার কাছে থাকা সমস্ত পরিচয়পত্র (পাসপোর্ট, ব্যক্তিগত পরিচয়পত্র ইত্যাদি) তুমি কর্মকর্তাদের দেখাবে।

তোমাকে এবং তোমার ব্যক্তিগত জিনিসপত্রের তল্লাশি করা হতে পারে। কর্তৃপক্ষ হয়তো তোমার জিনিসপত্র কিছু সময়ের জন্য রেখে দেবেন, কিন্তু তারা তোমাকে সবকিছু ফেরত দেবেন, কোনো বিপজ্জনক জিনিসপত্র ছাড়া।





তোমার ছবি তোলা হবে।

তোমার আঙ্গুলের ছাপ নেওয়া হবে।



তুমি একজন চিকিৎসককে দেখতে পারো



- একজন আধিকারিক তোমার সমন্ধে এবং ইউরোপে বসবাসকারী তোমার পরিবার সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করবেন



একজন আধিকারিক তোমার সাথে যোগাযোগ করার বিবরণ (তোমার ঠিকানা এবং ফোন নম্বর) চাইবেন।



তোমাকে এই সব বিষয়ে অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞাসা করা হবে:

- তুমি এবং তোমার পরিবার
- তোমার দেশ এবং স্থান যেখানে তুমি আগে থাকতেন
- যে কারণে তুমি তোমার দেশ ছেড়েছো এবং কেন তুমি ফিরে যেতে চাও না
- তুমি কীভাবে লাতভিয়াতেএসেছো



## মনে রাখবে!

তোমার অভিভাবকের কাছে সব কথা বলা এবং আশ্রয় কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করা খুবই গুরুত্বপূর্ণ।



তুমি তোমার অভিভাবক বা আধিকারিকদের যা জানাবে তা **গোপন থাকবে**। এর মানে, তুমি তাদের যে তথ্য জানাবে তা কখনই তোমার দেশের সরকারকে জানানো হবে না বা তুমি  যাদের ভয় পাও সেইসব ব্যক্তিদের জানানো হবে না।



# আশ্রয় প্রক্রিয়া চলাকালীন আমি কি  লাতভিয়াতে থাকবো?





নিবন্ধনের পরে, কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেবে কোন দেশ তোমার আবেদন পরীক্ষা করবে। সেটি হয় লাতভিয়া বা অন্য কোনো ইউরোপীয় দেশ হবে। তুমি দেশ বেছে নিতে পারবে না, তবে তোমার সর্বোত্তম স্বার্থ বিবেচনায করা হবে। কর্তৃপক্ষ তোমাকে এটির বিষয়ে বুঝিয়ে বলবেন।





নিবন্ধনের সময় অফিসিয়ালদের তোমার এটি জানানো গুরুত্বপূর্ণ যে:

- যদি তোমার পরিবার অন্য কোনো ইউরোপীয় দেশে থাকে
- যদি আগে অন্য কোনো ইউরোপীয় দেশে আশ্রয় চেয়ে থাকো।

যদি আপনার পরিবার ইউরোপে থাকে, তা হলে , এমএস কর্মীদের বলুন যে নিজের পরিবার সম্পর্কে আপনি যা কিছু জানেন তা কাস্টমাইজ করতে।তোমার  এটা সম্ভব যে তুমি তাদের সাথে এই দেশে অথবা তারা যে দেশে বাস করছে সেখানে বসবাস করতে পারো।

তুমি যদি না জানো যে তোমার  পরিবার কোথায় আছে, অথবা তুমি যদি তাদের সঙ্গে যোগাযোগ হারিয়ে ফেলে থাকো, তাহলে তুমি নিজের অভিভাবক অথবা অফিসিয়ালদের কাছে তোমার পরিবারকে খুঁজে বের করার জন্য সাহায্য চাইতে পারো।



# নিবন্ধন এবং জমা দেওয়ার পরে কী হবে?





একবার তুমি তোমার আবেদন  দাখিল করলে, তোমাকে একটি নথি দেওয়া হবে যাতে তোমার আশ্রয় প্রার্থনার বিষয়টি উল্লেখ করা থাকবে। এই নথিটি গুরুত্বপূর্ণ তাই এটি সযত্নে রাখবে। তুমি যেখানে বসবাস করছ সেখান থেকে যখনই বের হবে অথবা অফিসিয়ালদের সাথে দেখা করতে যাবে, তখনই এটি তোমার সাথে রাখবে।



# অফিসিয়ালরা আমার বয়স জানবেন কী করে?





নিজের বয়স প্রমাণ করার জন্য তোমার কাছে কোনো নথি যদি না থাকে এবং কর্তৃপক্ষের যদি তোমার বয়স সম্পর্কে সন্দেহ থাকে, তাহলে আশ্রয় প্রদানকারী কর্তৃপক্ষের কর্মীরা তোমাকে বয়স পরীক্ষা করাতে বলতে পারেন। এটা একটা পদ্ধতি যা তোমার বয়স আন্দাজ করতে সাহায্য করে।

তোমার বয়স অনুমান করার বিভিন্ন উপায় আছে।

উদাহরণস্বরূপ, এটি তোমার জমা দেওয়া নথিপত্রের উপর ভিত্তি করে অথবা আধিকারিকদের বা বিভিন্ন বিশেষজ্ঞের সাথে তোমার সাক্ষাৎকারের উপর ভিত্তি করে করা হতে পারে। যদি তারপরেও সন্দেহ থাকে, তাহলে তোমাকে একটি শারীরিক পরীক্ষা করাতে বলা হতে পারে। এই ক্ষেত্রে, তোমাকে এবং তোমার অভিভাবককে সম্মতি দিতে বলা হবে।

যদি বয়স মূল্যায়ন করার পর আপনার বয়স 18 বছরের বেশি হয়, তাহলে আপনাকে প্রাপ্তবয়স্ক হিসেবে বিবেচনা করা হবে। এই ক্ষেত্রে, আপনাকে আরো বিস্তারিত তথ্য দেওয়া হবে।





যদি কর্তৃপক্ষের মনে হয় যে কেউ তোমাকে কোনো আঘাত করেছে, তাহলে তারা তোমাকে চিকিৎসকের কাছে যাওয়ার পরামর্শ দেবেন।

তোমার করা আবেদনটি পরীক্ষা করার সময় সেই স্বাস্থ্য পরীক্ষার পরীক্ষার ফলাফল বিবেচনা করা হবে।




**তোমার  আবেদন জমা দেওয়ার পর, তোমাকে এক বা একাধিক বার ব্যক্তিগত সাক্ষাৎকারের জন্য ডাকা হতে পারে।**

এর মানে একজন আধিকারিক তোমার সম্পর্কে আরো প্রশ্ন জিজ্ঞাসা করবেন, যেমন কেন তুমি নিজের দেশ ছেড়ে এসেছো এবং কেন তুমি সেখানে ফিরে যেতে চাও না। যদি কর্তৃপক্ষ তোমাকে কোনো সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে বলেন, তাহলে তোমাকে অবশ্যই সেখানে উপস্থিত থাকতে হবে এবং তোমার যা মনে আছে তা তাদের জানাতে হবে। সাক্ষাৎকারটি অডিও রেকর্ড করা হবে।

তোমার অভিভাবক তোমাকে জানাবেন কখন এবং কোথায় সাক্ষাৎকারটি হবে এবং সাক্ষাৎকার চলাকালীন তিনি তোমাকে সাহায্য করবেন।



# যদি আমি অফিসিয়ালদের বলা ভাষা বুঝতে না পারি তাহলে কী হবে?





যদি তুমি লাতভিয়াভাষা বুঝতে না পারো, তাহলে তোমার নিজের ভাষায় কথা বলতে পারেন এমন একজন দোভাষী তোমাকে কথাবার্তা বুঝতে সাহায্য করবেন।

তোমাকে যা বলা হচ্ছে তা অনুবাদ করা ছাড়া একজন দোভাষীর আর অন্য কোনো ভূমিকা নেই। কেস আধিকারিক এবং দোভাষীর কাছে তুমি যা বলবে তা গোপন রাখা হবে।

তুমি যাতে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করো তার উপর নির্ভর করে, তোমার সাক্ষাৎকার গ্রহণকারী বা দোভাষী হিসাবে একজন মহিলা বা পুরুষকে চাইতে পারো। যদি তারা উপলব্ধ থাকেন তাহলে তোমার অনুরোধ রক্ষা করা হবে। তোমার মহিলা না পুরুষ পছন্দ, সেটি সাক্ষাৎকারের আগে যত তাড়াতাড়ি সম্ভব তোমার অভিভাবককে জানাও।



# কতক্ষণ লাগবে?






সাক্ষাৎকারের পরে, তুমি যা জানিয়েছ তা পরীক্ষা করা হবে।

বসবাস শুরু করার দিন থেকে, তোমার সমন্ধে নেওয়া সিদ্ধান্ত জানা অবধি তোমাকে **6 মাস** পর্যন্ত অপেক্ষা করতে হতে পারে। কখনও কখনও, পরীক্ষা বেশি সময় নিতে পারে তবে এটি **21 মাস** এর বেশি সময় নেওয়া উচিত নয়। অপেক্ষা করা কঠিন হতে পারে তবে তোমাকে ধৈর্য রাখতে হবে। কর্তৃপক্ষ তোমার বিষয়ে সঠিক সিদ্ধান্ত নিতে চান।

অপেক্ষার সময় কাটানোর জন্য যদি তোমার কোনো সাহায্যের প্রয়োজন হয়, তাহলে তুমি সর্বদা নিজের অভিভাবকের কাছে সেটি জানাতে পারো।



**একজন বন্ধু বলেছিল যে কর্তৃপক্ষ তার আশ্রয়ের আবেদন পর্যালোচনা করবেন না। কেন এমন হল?**





কর্তৃপক্ষ প্রথমে যাচাই করে দেখে যে তাদের আশ্রয়ের আবেদন পরীক্ষা করার প্রয়োজন আছে কিনা।

তুমি যদি ইতিমধ্যেই অন্য কোনো দেশে সুরক্ষা পেয়ে থাকো বা যদি এমন কোনও দেশ থেকে এসে থাকো যেটিকে তারা নিরাপদ বলে মনে করে তবে তারা তা নাও করতে পারে।

# আমাকে কী সিদ্ধান্ত জানানো হবে?





তোমার আশ্রয় প্রয়োজন আছে কি-না, না-কি অন্য কোনও বিকল্প উপলব্ধ আছে, তা নির্ধারণ করবে আশ্রয় প্রদানকারী কর্তৃপক্ষ।

গৃহীত সিদ্ধান্ত তোমাকে ব্যাখ্যা করা হবে।



যদি সিদ্ধান্ত তোমার  বিপক্ষে নেওয়া হয় এবং যদি তুমি বা তোমার অভিভাবক সেটির সাথে একমত না হও , তাহলে তুমি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে গিয়ে অভিযোগ জানাতে পারো। একে আপিল বলা হয়।






# আমি কীভাবে আশ্রয় পদ্ধতি সম্পর্কে আরও তথ্য পেতে পারি?





তোমার অভিভাবক ছাড়াও, আইনী পরামর্শদাতারাও আছেন যারা তোমাকে আশ্রয়ের পদ্ধতি, তোমার অধিকার এবং তোমার পালনীয় কর্তব্য সমন্ধে ব্যাখ্যা করতে পারো।

তোমার অভিভাবককে জিজ্ঞাসা করো কিভাবে তাদের সাথে যোগাযোগ করবে।



যদি তুমি একজন আইনজীবীর সাহায্য চাও , তাহলে তোমার অভিভাবক বা অন্য কোনো আধিকারিককে সেটি জানাও।





# তোমার অভিভাবকের সহ, আইনজীবী, তোমাকে সাহায্য করতে পারেন:



কর্তৃপক্ষের সাথে সাক্ষাৎকারের জন্য প্রস্তুতি নিতে।



আশ্রয় প্রদানকারী আধিকারিকদের সাথে আলোচনা করতে



গৃহীত সিদ্ধান্তের সাথে তুমি বা তোমার অভিভাবক একমত না হলে, তোমার আশ্রয় প্রার্থনার আবেদনের উপর নেওয়া সিদ্ধান্তটি ভালোভাবে বুঝতে হবে এবং আপিল করতে হবে।



তুমি তোমার আশ্রয় প্রদানের প্রক্রিয়া চলাকালীন যে কোনো সময় UNHCR-এর সঙ্গে যোগাযোগ করতে পারো।

UNHCR আশ্রয়প্রার্থী এবং উদ্বাস্তুদের সাহায্য ও সুরক্ষা প্রদান করে।

UNHCR-এর কর্মীরা আবেদনকারীদের তথ্য ও সহায়তা প্রদান করেন। তুমি https://help.unhcr.org/ এ আরো তথ্য পেতে পারো।



UNHCR
The UN Refugee Agency

# আমি যদি ভালো না থাকি অথবা প্রায়শই দুশ্চিন্তা করি, তাহলে আমি কীভাবে সাহায্য পেতে পারি?





তোমার অভিভাবককে, তুমি যেখানে বাস করছ সেখানে কর্মরত কোনো **অফিসিয়াল** বা কর্মীকে জানাও যদি:



কেউ তোমাকে আঘাত করে

তুমিদুঃখিত, রাগান্বিত বোধ করো, ভয় পাও বা ঘুমাতে অসুবিধা হয়


তোমার অন্য কোনো অসুবিধা থাকে যেমন কোনো শারীরিক অক্ষমতা বা অসুস্থতা বা তুমি যদি গর্ভবতী হও

এরকমক্ষেত্রে, তুমি সাহায্য পাবে

# আমার কি কোনো পালনীয় কর্তব্য আছে?



**হ্যাঁ**



**তোমাকে অবশ্যই এই দেশের যাবতীয় আইন ও নিয়ম মেনে চলতে হবে।**

নিয়ম বা আইন সম্পর্কে তোমার কোনো সন্দেহ থাকলে, তোমার অভিভাবককে জিজ্ঞাসা করো।




**তোমার অভিভাবক তোমাকে যেখানে থাকতে বলেছেন সেখানে তোমাকে অবশ্যই থাকতে হবে।**

কর্তৃপক্ষ তোমার জন্য একটি জায়গা বেছে নিয়েছেন। কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোথাও পালিয়ে যাবে না বা লাতভিয়াত্যাগ করবেন না।



**অফিসিয়ালদের সাথে সহযোগিতা করতে হবে।**

অনুরোধ করা হলে, তোমাকে অবশ্যই তাদের প্রশ্নের উত্তর দিতে হবে এবং তাদের নির্দেশাবলী অনুসরণ করতে হবে।



**সত্যি কথা বলো এবং কর্তৃপক্ষ যখন তোমাকে কোনো প্রশ্ন জিজ্ঞাসা করবেন তখন তোমার যতটা যা জানা আছে তা তাদের জানাও।**

তুমি যা বলছো তা তোমার আবেদনের বিশ্বাসযোগ্যতার জন্য খুবই গুরুত্বপূর্ণ।

তুমি সবকিছু মনে রাখতে পারবে না তাই তুমি সব প্রশ্নের উত্তর দিতে সক্ষম নাও হতে পারে। যদি তুমি কিছু মনে করতে না পারো, তাহলে তার উত্তর বানিয়ে বলবে না, বরং বুঝিয়ে বলো যে তোমার সেটি ঠিক মনে নেই।

**কর্তৃপক্ষের সাথে সমস্ত সাক্ষাতকারে তোমাকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।**

এই সাক্ষাৎকারগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তোমাকে অবশ্যই প্রদত্ত দিনে এবং নির্দিষ্ট সময়ে উপস্থিত হতে হবে।







**তোমার সাথে যোগাযোগ করার সঠিক বিবরণ প্রদান করতে হবে।**

তুমি যাতে সমস্ত তথ্য এবং সাক্ষাৎকারের সময় জানতে পারো তা নিশ্চিত করতে, তোমাকে কর্তৃপক্ষকে নিজের একটি ঠিকানা বা ফোন নম্বর দিতে হবে। তোমার অভিভাবকও এই তথ্য জানতে পাবেন এবং তোমার সাক্ষাৎকারের কথা মনে করিয়ে দিতে পারবেন। তোমার সাথে যোগাযোগ করার ঠিকানা পরিবর্তন হলে, তোমার অভিভাবক এবং আশ্রয় প্রদানকারী কর্তৃপক্ষের কর্মীদের জানাও। তাদের তোমার সাথে যোগাযোগ বজায় রাখা গুরুত্বপূর্ণ।

**তোমার কাছে থাকা সমস্ত নথি কর্তৃপক্ষকে দিতে হবে।**

তোমার  সাথে সম্পর্কিত এবং তুমি যে কারণে নিজের দেশ ছেড়েছ সেই সমন্ধে তোমার কাছ থাকা যাবতীয় নথি  তাদের দাও। এর মধ্যে রয়েছে পরিচয়পত্র (পাসপোর্ট), জন্ম বা স্কুল সার্টিফিকেট, চিকিৎসার নথিপত্র বা অন্যান্য নথি।

যত তাড়াতাড়ি সম্ভব তোমাকে সমস্ত তথ্য এবং নথি জমা দিতে হবে।

যদি তোমার কাছে নথিপত্র না থাকে, তাহলে তুমি পরে সেগুলো জমা করতে পারো। তোমার অভিভাবকের সাথে কথা বলো। তোমার অভিভাবক তোমাকে সেই নথিগুলি পেতে এবং কর্তৃপক্ষের কাছে সময়মতো জমা দিতে সাহায্য করতে পারেন।

**যদি তুমি বাধ্যবাধকতা পূরণ করতে না পারো , তাহলে অবিলম্বে নিজের অভিভাবক এবং আশ্রয় প্রদানকারী দপ্তরের  কর্মীদের জানাও  এবং তার কারণ ব্যাখ্যা করো।**





# যদি আমি আমার দায়িত্ব  না মানি, তাহলে কী হতে পারে?



তুমি যদি তোমার বাধ্যবাধকতা পূরণ না করো তবে তোমার আবেদন নেতিবাচকভাবে প্রভাবিত হতে পারে।

তুমি কিছু অধিকার এবং সহায়তা পরিষেবা হারাতে পারো যা আমি আগে ব্যাখ্যা করেছি।



**তুমি তোমার বাধ্যবাধকতা পূরণ না করলে তোমার আশ্রয় পদ্ধতি বন্ধ বা প্রত্যাখ্যান করা হতে পারে, উদাহরণস্বরূপ যদি:**

- তুমি কর্তৃপক্ষের প্রশ্নের উত্তর না দাও, বা
- তুমি তাদের তোমার আঙ্গুলের ছাপ নিতে অনুমতি না দাও, বা
- তুমি বিনা অনুমতিতে যেখানে বসবাস করছো সেখান থেকে চলে যাও ।

এই ধরনের ক্ষেত্রে, কর্তৃপক্ষ ধরে নেবেন যে তুমি তোমার আবেদনের বিষয়ে ঐকান্তিক নও। যদি কর্তৃপক্ষ মনে করে যে তুমি তোমার আবেদন প্রত্যাহার করে নিয়েছো, তবে তোমাকে আর আবেদনকারী হিসেবে গণ্য করা হবে না এবং তুমি সমস্ত প্রকার সহায়তা হারাবে।



যদি তুমি কর্তৃপক্ষকে নিজের সম্পর্কে বা তোমার কাহিনী সম্পর্কে সত্যি না বলো অথবা গুরুত্বপূর্ণ তথ্য গোপন করো অথবা ইচ্ছাকৃত ভাবে নিজের নথিপত্র নষ্ট করো, তাহলে তোমার আবেদন প্রত্যাখ্যান করা হতে পারে এবং তোমাকে আশ্রয় নাও দেওয়া হতে পারে।

যদি কর্তৃপক্ষ পরে জানতে পারেন যে তুমি আশ্রয় প্রক্রিয়া চলাকালীন সত্য বলোনি, তাহলে তোমাকে প্রদত্ত আশ্রয় ফিরিয়ে নেওয়া হতে পারে।








আমি তোমাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলি ব্যাখ্যা করেছি যা তোমার জানা দরকার। আশ্রয় প্রক্রিয়া চলাকালীন তোমার অভিভাবক এবং কর্তৃপক্ষ তোমাকে আরও ব্যাখ্যা প্রদান করবে।





**মনে রাখবে!**

**আশ্রয় বিনামূল্যে চাওয়া যায়**






# সতর্ক থাকো

যারা কোনো আনুকূল্য বা অর্থের বিনিময়ে সাহায্যের প্রস্তাব দেয় তাদের ব্যাপারে সতর্ক থাকো। তাদের খারাপ উদ্দেশ্য থাকতে পারে।



কেউ তোমাকে পালিয়ে যাওয়ার চেষ্টা করতে উৎসাহিত করতে পারে। তবে মনে রাখবে যে তুমি অবশ্যই পালিয়ে যাবে না, কারণ সেটি তোমার পক্ষে বিপজ্জনক হতে পারে।






যদি কেউ তোমাকে এমন কিছু করতে রাজি করানোর চেষ্টা করে যা তুমি চাও না বা যদি কিছু ভুল বলে মনে হয়, তাহলে অবিলম্বে তোমার অভিভাবককে, অথবা তুমি যেখানে থাকো সেখানে কর্মরত প্রাপ্তবয়স্কদের জানাও।



# যদি আমি নিজের দেশে ফিরে যেতে চাই এবং আমার আবেদনটি বন্ধ করতে চাই, তাহলে আমার কী করা উচিত?





তুমি যদি তোমার দেশে ফিরে যেতে চাও এবং তোমার আবেদন বন্ধ করতে চাও, তাহলে তোমার অভিভাবক এবং কর্তৃপক্ষকে জানাও। তারা তোমাকে নিরাপদে ফিরে যেতে সাহায্য করতে পারেন।



**আমি যা ব্যাখ্যা করেছি সে সম্পর্কে যদি তোমার আরো কোনো প্রশ্ন থাকে, তাহলে নিজের অভিভাবক, কর্তৃপক্ষ অথবা তুমি যেখানে থাকো সেখানে কর্মরত কর্মীদের জিজ্ঞাসা করো।**



EUROPEAN UNION AGENCY FOR ASYLUM

এই পুস্তিকাটি এই পুস্তিকাটি  শুধু তথ্য প্রদানের  জন্য। শুধু তথ্য প্রদানের  জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এখানে প্রদত্ত তথ্যের মূল অংশ সরবরাহ করেছে এবং এই পুস্তিকাটির পুনরুৎপাদন এবং পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলির জন্য EUAA দ্বারা অনুমোদিত। EU সদস্য রাষ্ট্রসমূহ বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষ কর্তৃক এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের নির্ভুলতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য EUAA কোনো দায়িত্ব বা দায়বদ্ধতা গ্রহণ করে না। EUAA বা EUAA এর পক্ষে কাজ করা কোনো EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তিই এই পুস্তিকায়  দেওয়া তথ্য  ব্যবহার করার জন্য দায়ী নয়।

© ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025